



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং: চুয়েট/ ভিসি অফিস/ কোঅর্ডিনেশন-২৬/ ৬৮

২৪ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি, ২০২৪খ্রি:।


ঃ বিজ্ঞপ্তি :

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক “স্বদেশ প্রত্যাবর্তন দিবস-২০২৪” উপলক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ে আগামী ১০ জানুয়ারি, ২০২৪ খ্রি:, বুধবার বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম উক্ত দিবসের কর্মসূচিসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন।

এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্রছাত্রীদেরকে নিম্নোক্ত কর্মসূচিগুলোতে অংশগ্রহণপূর্বক অনুষ্ঠানমালাকে সাফল্যমণ্ডিত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ক্রমিক নং	কর্মসূচি	সময়	স্থান
১.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন	সকাল ১০:৪০ ঘটিকা	স্বাধীনতা চত্বরস্থ জাতির পিতার ম্যুরাল প্রাঙ্গনে।
২.	জাতির পিতার “স্বদেশ প্রত্যাবর্তন দিবসের উপর প্রেজেন্টেশন	দুপুর ১২:০০ ঘটিকা	প্রশাসনিক ভবনের একাডেমিক কাউন্সিল কক্ষ।
২.	আলোচনা সভা	দুপুর ১২:০৫ ঘটিকা	প্রশাসনিক ভবনের একাডেমিক কাউন্সিল কক্ষ।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-


০৮/০১/২৪

(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) এবং সদস্য সচিব, জাতীয় দিবস উদযাপন কমিটি
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সিনিয়রিটির ভিত্তিতে নহে): ৬৮(৬)

- ১। সকল ডীন/ পরিচালক/বিভাগীয় প্রধান/সেন্টার চেয়ারম্যান/ প্রভোস্ট/ অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট। ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
- ৩। প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লেখিত সময়সূচী অনুযায়ী জাতির পিতার ম্যুরাল প্রাঙ্গনে এবং একাডেমিক কাউন্সিল কক্ষে সাউন্ড সিস্টেম এবং বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৪। নিরাপত্তা উপদেষ্টা, চুয়েট প্রয়োজনীয় পুষ্পস্তবক তৈরির ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৫। সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি/ কর্মকর্তা সমিতি/স্টাফ এসোসিয়েশন/স্টাফ ওয়েলফেয়ার কমিটি/ চুয়েট ক্লাব/কর্মচারী ক্লাব, চুয়েট।
- ৬। সিনিয়র পেশ ইমাম, চুয়েট (আলোচনা অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত এবং দোয়া ও মোনাজাত পরিচালনার নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধ সহকারে)।
- ৭। সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট (ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৮। সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।

(মোহাম্মদ ফজলুর রহমান)

উপ-পরিচালক (জনসংযোগ)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।